



Biplab Kumar Deb



CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA - 799010

সেপ্টেম্বর, ২০২১

বিশ্ব জলাতঙ্ক দিবস উদযাপন উপলক্ষে রাজ্যবাসীর প্রতি আবেদন

২৮ সেপ্টেম্বর, ২০২১ বিশ্ব জলাতঙ্ক দিবস। জলাতঙ্ক রোগের টীকা আবিষ্কারক ফরাসী বিজ্ঞানী লুইস পাস্তুর এর মৃত্যু দিবসও ২৮ সেপ্টেম্বর তারিখটি। জলাতঙ্ক রোগ প্রতিরোধ করতে জনসচেতনতা বৃদ্ধি করতে এই দিনটিতে বিশ্বজুড়ে সচেতনতামূলক কর্মসূচি পালন করা হয়। জলাতঙ্ক রোগ হলে মৃত্যু অবশ্যম্ভাবী। তাই এই মারণব্যাদি থেকে রক্ষা পেতে সচেতনতাই একমাত্র অবলম্বন। এই প্রাণঘাতী রোগটি একটি সংক্রামিত কুকুর বা অন্য কোনও সংক্রামিত প্রাণীর লালা থেকে বা ঐ সংক্রামিত পশু দ্বারা অন্য প্রাণী বা মানুষকে কামড় দেওয়ার ফলে হয়ে থাকে। জলাতঙ্ক রোগ প্রতিহত করতে কুকুর ও বিড়ালকে প্রতিষেধক দিতে হয়। কুকুর, বিড়াল ইত্যাদি প্রাণীর আঁচড় কিংবা কামড় লাগলে সঙ্গে সঙ্গে ক্ষতস্থান ভাল করে সাবান কিংবা জল দিয়ে ধুয়ে নিতে হয়। পাশাপাশি অবহেলা না করে নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করে চিকিৎসকের পরামর্শ নিতে হবে। ক্ষতের তীব্রতার উপর নির্ভর করে চিকিৎসক প্রতিষেধক টীকা গ্রহণের পরামর্শ দিলে অতি অবশ্যই তা নিতে হবে। রাজ্যবাসীকে জলাতঙ্ক রোগ বিষয়ে সজাগ ও সতর্ক থাকতে আমি বিনম্রভাবে অনুরোধ জানাচ্ছি।

(শ্রী বিপ্লব কুমার দেব)
মুখ্যমন্ত্রী, ত্রিপুরা